তারিখ ... ১৭/৯/৭৪ ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... 6 ...

দৈনিক বাংলা

180

# শিক্ষক সমিতি দাবী দিবস পালন করবে

বাংলাদেশ শিক্ষক সমিতি (মান্নান) ৬ দফা দাবীর ভিত্তিতে আগামী ৭ই অক্টোবর দেশব্যাপী 'দাবী দিবস' পালন করবে।

শনিবার বিকালে বায়তুল মোকাররম প্রাঙ্গণে সমিতির সভাপতি জনাব আবিদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক শিক্ষক সমাবেশে গৃহীত প্রস্তাবে উপরোক্ত সিদ্ধান্ত ঘোষণা করা হয়। প্রস্তাবে বলা হয় যে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির ফলে শ্রমিক, কৃষক, মেহনতি জনতা ও নিম্নবেতনভুক কর্মচারীদের সন্তানদের লেখা পড়ার পথ প্রায় রুদ্ধ হয়ে আসছে। প্রস্তাবে অবিলম্বে শিক্ষা উপকরণসহ সকল প্রকার দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি রোধ করে শিক্ষার ব্যয়ভার কমানোর আহ্বান জানানো হয়।

প্রস্তাবে বাংলাদেশে 'শান্তি বাহিনী' আনার চুক্তি বাতিলের দাবী জানানো হয়েছে।